

১৭৮৯ ৯ম খ্রি আলোড়ন সৃষ্টি করে।


### B নেপোলিয়নের উত্থান [Rise of Napoleon]

নেপোলিয়ন বোনাপার্ট ছিলেন ফরাসি বিপ্লবের অন্যতম শ্রেষ্ঠ সন্তান এবং বিশ্বের অন্যতম শ্রেষ্ঠ রণনিপুণ সেনানায়ক। অতি সাধারণ এক মধ্যবিত্ত পরিবারে জন্মগ্রহণ করে কেবল নিজ প্রতিভাবলে তিনি ফ্রান্সের সিংহাসনে বসেন। তাঁর কার্যকলাপের ফলে ফ্রান্স এবং সমগ্র ইউরোপের ইতিহাসে নানা সুদূর-প্রসারী পরিবর্তন দেখা যায়।

১৭৬৯ খ্রিস্টাব্দের ১৫ই আগস্ট ইতালির অন্তর্গত ভূমধ্যসাগরের

কর্সিকা দ্বীপের অ্যাজাকসিও নামক স্থানে তিনি জন্মগ্রহণ করেন। তাঁর  
প্রথম জীবন

মায়ের নাম ছিল লেটিজিয়া এবং পিতার নাম ছিল চার্লস বোনাপার্ট। পর্বত-সঙ্কুল কর্সিকার প্রাকৃতিক পরিবেশ তাঁর মনে সাহস ও চারিত্রিক দৃঢ়তা গড়ে তুলতে সাহায্য করে। ফরাসি দার্শনিকদের রচনা, ইতিহাস, ভূগোল, গণিত ও দর্শন ছিল তাঁর প্রিয় বিষয়। ব্রিতানি ও প্যারিসের সামরিক



নেপোলিয়ন বোনাপার্ট

- “The Revolution of 1789 rocked the entire continent from Petrograd to Madrid and buried the representatives of the old statecraft and the old diplomacy under several tons of democratic bricks.”